

# কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্ত করণ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

স্মারক নং : ৩৩.০১.৪৯০৮.০০০.১৪.১২৮.২১/৭৬১

তাং : ০৮/১২/২০২১ ইং

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় 'প্রাণিপুষ্টি উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প' এর কার্যক্রম মাঠ পর্যায়ে শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে উপজেলার সকল ইউনিয়নে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং খামারীদের ঘাস চাষে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ প্রদান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিমিত্তে প্রকল্প চলাকালীন সময়ের জন্য অত্র উপজেলায় ০১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট সংযুক্ত করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ কপি ছবি, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্রের নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ পূর্বক 'কমিউনিটি এক্সটেনশন এজেন্ট নির্বাচন কমিটি' এর সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম বরাবর দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ১৬/১২/২০২১ ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে উল্লেখিত তথ্যাদি সহ অফিস চলাকালীন সময়ে দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো। আগামী ১৮/১২/২০২১ ইং তারিখে উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম এর কার্যালয়ে সকাল ১১.০০ ঘটিকার সময় আবেদন পত্র যাচাই-বাছাই, সাক্ষাতকার ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। আবেদনকারীগণকে মূল কাগজপত্র সহ উক্ত তারিখে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

## শর্তাবলী

- ১। ডিপির সংস্থান মোতাবেক ভাতা পারিশ্রমিকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসেবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের সাথে সম্পৃক্ত হতে আগ্রহী হতে হবে।
- ২। সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এস.এস.সি বা সমমান পাস, কর্মঠ -উদ্যোগী এবং নেতৃত্বের গুণাবলী সম্পন্ন এলাকায় সুপরিচিত বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
- ৩। নিজে গবাদিপশু পালন ও ঘাস চাষে আগ্রহী এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে সম্প্রসারণ এজেন্ট হিসেবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।
- ৪। উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাসের ত্রয়-বিক্রয় কেন্দ্র/বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।
- ৫। প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।
- ৬। বয়স ২০ থেকে ৪৫ এর মধ্যে হতে হবে। তবে প্রাণিসম্পদ অধিদপ্তর অধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্পে সমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ৭। অফিস সময়ে কর্মস্থলে উপস্থিত থেকে প্রকল্প সংশ্লিষ্ট কাজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে হবে।
- ৮। অধিদপ্তর অধীন চলমান অন্য কোন উন্নয়ন প্রকল্পের কোন সুবিধাভোগী এ প্রকল্পের আওতায় নির্বাচনের জন্য যোগ্য হবেন না।
- ৯। আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃতস্থ ব্যক্তিকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১০। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।

(ডাঃ মোঃ আবুল বাশার)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

চর রাজিবপুর, কুড়িগ্রাম।

ও

সদস্য সচিব

প্রাণি পুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাসচাষ

সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি।

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
- ২। উপজেলা কৃষি কর্মকর্তা,
- ৩। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

অনুলিপি : সদয় অবগতির জন্য :

- ১। প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।